**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা।
(সংস্থাপন শাখা)
www.bhola.gov.bd

স্মারক নং: ০৫.১০.০৯০০.০০১.১৮.০০১.২০- ৫৮২

তারিখঃ ০৮ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ
২৩ ডিসেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

**বিষয়: ভোলা জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এপিএএমএস সফটওয়্যারের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে প্রশিক্ষণ কর্মশালা আয়োজন।**

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগ, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (বাস্তবায়ন পরিবীক্ষণ-২) শাখার স্মারক নং-০৪.০০.০০০০.৮৪২.২৫.০০১.১৯-১০৪, তারিখঃ ০৭/১২/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) সঠিক ও সহজভাবে প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ এপিএএমএস সফ্‌টওয়্যার প্রস্তুত করেছে। বর্তমানে সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের এপিএ অনলাইনে দাখিলের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে প্রতিটি জেলা প্রশাসকের কার্যালয়ে নিজ নিজ জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের এপিএ অনলাইনে দাখিলের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তারই অংশ হিসেবে জেলা প্রশাসক, ভোলা এর সম্মেলন কক্ষে **আগামী ২৯/১২/২০২০ খ্রি. তারিখে সকাল ০৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত** উপজেলা নির্বাহী অফিসারগণ এবং সহকারী প্রোগ্রামার/আইসিটি-তে দক্ষ একজন কর্মকর্তার সমন্বয়ে উক্ত বিষয়ে একটি প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা হয়েছে।

২। এমতাবস্থায়, উক্ত প্রশিক্ষণ কর্মশালায় আপনি ও আপনার দপ্তরের সহকারী প্রোগ্রামার/আইসিটি-তে দক্ষ একজন কর্মকর্তাসহ প্রত্যেক অংশগ্রহণকারীকে আবশ্যিকভাবে ল্যাপটপ (ইউনিবিজয়/অভ্র, পিডিএফ রিডার সংযুক্ত), মডেম সাথে নিয়ে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বলা হলো।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ মাসুদ আলম ছিদ্দিক)
জেলা প্রশাসক
ভোলা।
☎: ০৪৯১-৬২৪০০
🖷: ০৪৯১-৬২৬২৬
e-mail: dcbhola@mopa.gov.bd

প্রাপক:
১। উপজেলা নির্বাহী অফিসার
.........................................ভোলা।

স্মারক নং: ০৫.১০.০৯০০.০০১.১৮.০০১.২০- ৫৮২(২৩)

তারিখঃ ০৮ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ
২৩ ডিসেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ভোলা।
৫. সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (বাস্তবায়ন পরিবীক্ষণ-২) শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. নেজারত ডেপুটি কালেক্টর, ভোলা (প্রশিক্ষণের জন্য জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ প্রস্তুতকরণ ও প্রশিক্ষণার্থীগণের আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।
৭. জনাব ........................................................
(প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হল)
৮. অফিস কপি।

২৩/১২/২০২০
জেলা প্রশাসক
ভোলা।